


**সংবাদ বিজ্ঞপ্তি****টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে নোবিপ্রবি  
উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি নিবেদন**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আজ শুক্রবার (২৫ আগস্ট ২০২৩) গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় মেয়াদে নিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। এসময় নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়।

জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করে স্বাধীনতার মহান স্থপতির স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের অংশ হিসেবে সেখানে কিছুক্ষণ নিরবে দাঁড়িয়ে থাকেন উপস্থিত সবাই। এরপর ফাতেহা পাঠ করে বঙ্গবন্ধু ও পঁচাত্তরের ১৫ আগস্ট বিয়োগান্ত ঘটনায় শহীদদের রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া ও মুনাজাত করা হয়। দোয়া শেষে মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ পরিদর্শন বইতে স্বাক্ষর করেন।

জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ শেষে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ পঁচাত্তরের ১৫ আগস্ট নিহত সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করছি। বাঙালি জাতির স্বপ্নদ্রষ্টা মহান স্বাধীনতার রূপকার জাতির পিতা বঙ্গবন্ধু একটি স্বাধীন রাষ্ট্রের জন্ম দিয়েছেন। বঙ্গবন্ধু ও বাংলাদেশ আজ অভিন্ন সত্তায় পরিণত হয়েছে। ঘাতকচক্র জাতির পিতাকে হত্যা করতে পারলেও তাঁর নীতি ও আদর্শকে মুছে ফেলতে পারেনি। যতদিন বাংলাদেশ থাকবে ততদিন বঙ্গবন্ধুর নাম এ দেশের লাখো-কোটি বাঙালির হৃদয়ে চির অম্লান হয়ে থাকবে। আমাদের দায়িত্ব হবে জাতির পিতার অসমাপ্ত কাজকে সমাপ্ত করে বাংলাদেশকে একটি সুখী, সমৃদ্ধশালী ও আধুনিক রাষ্ট্রে পরিণত করা। তাহলেই আমরা এই মহান নেতার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করতে পারবো। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।'

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস.এম মাহবুবুর রহমান, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক জনাব মেজবাহ উদ্দিনসহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, হল প্রভোস্টবৃন্দ, নোবিপ্রবি প্রক্টর ও শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দসহ বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ। সংগঠনসমূহের মধ্যে নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশন এবং নীল দলের পক্ষ থেকে জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করা হয়।



রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

